

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রশাসন ও সমন্বয় শাখা

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.৪১১

তারিখ: ২ আশ্বিন ১৪২৬

১৭ সেপ্টেম্বর ২০১৯

**বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।**

জনাব মো: মতিউর রহমান, মাঠসহকারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, জৈন্তাপুর, সিলেট এর বিরুদ্ধে বিনাঅনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, প্রকল্পের কাজে গাফিলতি, অফিসে বিলম্বে আসা, ঋণ প্রদানে বিলম্ব, কর্তব্য-কর্মে চরম অবহেলা, উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য এবং খারাপ ব্যবহারসহ নানাবিধ অভিযোগ পাওয়া গেছে। এ বিষয়ে উপজেলা সমন্বয়কারী, জৈন্তাপুর, সিলেট কর্তৃক তাকে কৈফিয়ত তলব করা হলেও তার আচরণের কোন পরিবর্তন হয়নি মর্মে উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করেছেন।

২. বিষয়টি অত্যন্ত হতাশাজনক, গুরুতর অসদাচরণ, কর্তব্য-কর্মে চরম অবহেলা এবং অদক্ষতার প্রমাণ। এহেন অবস্থায় তাকে চাকুরিতে রাখা সমীচীন নয় মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মনে করে। প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগপত্রের ০৬ নং শর্তানুযায়ী তাকে ০১ (এক) মাসের নোটিশে চাকুরি হতে অব্যাহতি দেয়ার বিধান রয়েছে।

৩. এমতাবস্থায়, কেন তাকে চুক্তিভিত্তিক নিয়োগপত্রের শর্তানুযায়ী ০১ (এক) মাসের নোটিশ প্রদান করে প্রকল্পের চাকুরি হতে স্থায়ীভাবে অব্যাহতি প্রদান করা হবে না, তার ব্যাখ্যা আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে উপজেলা সমন্বয়কারী এবং উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।



১৭-৯-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক

ফোন: ৯৩৫৯০৮৩

ফ্যাক্স: ৯৩৪৮২০৬

ইমেইল: [headoffice@ebek-rdcd.gov.bd](mailto:headoffice@ebek-rdcd.gov.bd)

জনাব মো: মতিউর রহমান, মাঠসহকারী, জৈন্তাপুর, সিলেট।

স্মারক নম্বর: ৪৭.৬০.০০০০.০০১.২৭.০১৯.১৯.৪১১/১(৮)

তারিখ: ২ আশ্বিন ১৪২৬

১৭ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২) জেলা প্রশাসক, সিলেট।
- ৩) উপজেলা নির্বাহী অফিসার, জৈন্তাপুর, সিলেট।
- ৪) প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫) জেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, সিলেট।
- ৬) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট।
- ৭) উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, জৈন্তাপুর, সিলেট।
- ৮) অফিস নথি।



১৭-৯-২০১৯

আকবর হোসেন

প্রকল্প পরিচালক